Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 28 April, 2025

ময়মনসিংহ বন বিভাগের উদ্যোগে শেরপুর জেলার বালিজুরী রেঞ্জের আওতাধীন সংরক্ষিত বনভূমিতে অবৈধ দখল উচ্ছেদে অভিযান করেছে স্থানীয় বন বিভাগ।কেন্দ্রীয় অঞ্চলের বন সংরক্ষক এএসএম জহির উদ্দিন আকনের নির্দেশনায় এবং বিভাগীয় বন কর্মকর্তা আ.ন.ম. আব্দুল ওয়াদুদ ও শেরপুর জেলার সহকারী বন সংরক্ষক মো. সাদেকুল ইসলাম খানের সার্বিক তত্ত্বাবধানে এ অভিযান পরিচালিত হয়।অভিযানে নেতৃত্ব দেন সহকারী বন সংরক্ষক এস বি তানভীর আহমেদ ইমন।

রেঞ্জ কর্মকর্তা মো. সুমন মিয়ার সহযোগিতায় পরিচালিত এই অভিযানে বালিজুরী সদর, মালাকোচা ও কর্ণঝোড়া বিটের আওতায় সংরক্ষিত বনভূমিতে হাতির নিরাপদ বিচরণ নিশ্চিত করার লক্ষ্যে প্রায় ৩০ একর এলাকা থেকে ৩৫টি অবৈধ সবজি ক্ষেত ও টাল কেটে ফেলা হয়। পাশাপাশি বন্য হাতির চলাচলের পথে স্থাপিত জি.আই. তার কেটে ফেলা ও অবৈধভাবে স্থাপিত জেনারেটর ভেঙে ফেলা হয়।

অভিযানে আরও উপস্থিত ছিলেন রাংটিয়া রেঞ্জের সহকারী রেঞ্জ কর্মকর্তা আব্দুল করিম, কর্ণঝোড়া, সদর ও মালাকোচা বিট কর্মকর্তা আব্দুর রাকিব, গজনী বিট কর্মকর্তা সালেহিন নেওয়াজ, তাওয়াকোচা বিট কর্মকর্তা ইফাজ মোর্শেদ, সমেশ্চুরা বিট কর্মকর্তা কাওসার হোসেন এবং ডুমুরতলা বিটের বিট সহযোগী রকিবুল ইসলাম রকি।এছাড়াও অভিযানে মধুটিলা, রাংটিয়া এবং বালিজুরী রেঞ্জের অন্যান্য স্টাফ, ইআরটি প্রতিনিধি, স্থানীয় প্রতিনিধি এবং সচেতন জনগোষ্ঠী অংশগ্রহণ করেন।

বন বিভাগের কর্মকর্তারা জানান, বন্যপ্রাণীর আবাসস্থল রক্ষায় এই ধরনের অভিযান অব্যাহত থাকবে।

বনভূমি বন বিভাগ বালিজুরী

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:25

URL: https://www.timestodaybd.com/mymensingh/1583775807